

বৃহত্তর আন্দোলনের ছয়কি

পাবিপ্রবি শিক্ষকের ওপর হামলাকারীরা দেড় মাসেও শ্রেফতার হয়নি

পাবনা প্রতিদিন

দীর্ঘ দেড় মাসেও পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ব্যবসায় শিক্ষা প্রশাসনের ডিন ও শিক্ষক সমিতির সভাপতি ড. মুশফিকুর রহমানের ওপর হামলার ঘটনায় অভিযুক্ত সন্ত্রাসী এবং পরিকল্পনাকারীদের পুলিশ শ্রেফতার করতে পারেনি। একে কেন্দ্র করে ক্যাম্পাসে ধর্মত্যাগ অবস্থা বিরাজ করছে।

শিক্ষার্থী ও শিক্ষক নেতারা জানান, অবিলম্বে প্রশাসন শিক্ষকের ওপর হামলা এবং পরিকল্পনাকারীদের শনাক্ত বা আইনের আওতায় না আনলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি দেয়া হবে। ৫ মার্চ সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় চত্বরে শিক্ষক মুশফিকুর রহমানকে তুরিকাঘাতে আহত করে অজ্ঞাতনামা সন্ত্রাসীরা। এ ঘটনায় হামলা দায়ের করা হলেও উদ্বেহযোগ্য কোনো অগ্রগতি হয়নি। পুলিশ ঘটনার কয়েকদিন পর স্থানীয়

জামায়াত সমর্থিত সন্ত্রাসী ওয়ারেন্স মেম্বর এবং তার সহযোগী মিঠুকে শ্রেফতার করলেও তাদের কাছ থেকে তেমন কোন স্ত পাওয়া যায়নি। এদিকে হামলাকারীদের শ্রেফতার এবং শাস্তির দাবিতে সাধারণ ছাত্র ও শিক্ষক-কর্মচারীরা ঘটনার পর থেকেই আন্দোলন চালিয়ে আসছেন। তারা ক্রম বর্জন করে বিশ্ববিদ্যালয়ের সামনে পাবনা-নগরবাড়ী মহাসড়কের রাজাপুর এলাকায় অবরোধ এবং ডিন অফিস ঘেরাওসহ নানা কর্মসূচি পালন করে আসছেন।

সর্বশেষ ৮ এপ্রিল পাবনা প্রেস ক্লাবে সংবাদ সন্দেশন করে পাবিপ্রবি শিক্ষক সমিতি।

সংবাদ সন্দেশনে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব প্রফেসর ড. মুশফিকুর রহমান, অন্যতম সদস্য আবুল আব্বাস ও...